রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ১৩, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২৪.০০.০০০০.২০২.১৮.০০৫.১৭-৫২৭—যেহেতু, Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O. No. 27 of 1972) এর প্রথম তফসিলভুক্ত ৫৭ নং ক্রমিক এ উল্লিখিত সুলতানা জুট মিলস লিঃ, বাশবাড়িয়া, সীতাকুণ্ড, চট্টগ্রাম অতঃপর উক্ত কোম্পানি বলে উল্লিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ব সরকারে ন্যস্ত ছিল ; এবং

যেহেতু, ৩০-১১-১৯৮২ তারিখে শিল্পনীতির শর্তসমূহ প্রতিপালন করে সরকার উক্ত কোম্পানির সাথে সম্পাদিত দ্বিপাক্ষিক চুক্তি এবং সরকার, বিজেএমসি ও মিল কর্তৃপক্ষের সাথে সম্পাদিত ত্রিপাক্ষিক চুক্তিমূলে মিল গ্রহীতাগণ মিলের বিপরীতে সরকার ও সরকারের আর্থিক প্রতিষ্ঠানসমূহের যাবতীয় দায়-দেনা পরিশোধ করার জন্য চুক্তিবদ্ধ হয়ে মিলের ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করে; এবং

যেহেতু, মিল কর্তৃপক্ষ সরকার, বিজেএমসি ও অন্যান্য সরকারি আর্থিক প্রতিষ্ঠানসমূহের পাওনা পরিশোধ করেনি; এবং

যেহেতু, মিল ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে মিলের নিকট সরকারের পাওনা পরিশোধের জন্য গত ১২-০৭-১৯৯৫, ০৭-১২-১৯৯৬, ০৮-১২-১৯৯৭, ০৫-০১-২০০২ এবং সর্বশেষ ১৪-১২-২০১৬ তারিখে তাগিদপত্র প্রদান করা সত্ত্বেও সরকারি পাওনা পরিশোধ করেনি; এবং

যেহেতু, মিলের যাবতীয় মেশিনারীজগুলো তুলে একপাশে স্তূপ করে ফেলে রাখায় সরকারের সাথে সম্পাদিত চুক্তিদ্বয় ভঙ্গ করেছে; এবং


**মূল্য :** টাকা ৪.০০

যেহেতু, দীর্ঘদিন যাবৎ মিল বন্ধ রেখেছে, হাজার-হাজার শ্রমিক-কর্মচারীকে তাদের কর্মসংস্থান হতে বঞ্চিত করে রেখেছে, এতে মিল হস্তান্তরের উদ্দেশ্য ব্যাহত হয়েছে এবং হস্তান্তর চুক্তি লঙ্ঘিত হয়েছে;

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯ নং ধারা অনুযায়ী ৩০ নভেম্বর, ১৯৮২ খ্রিস্টাব্দ তারিখে সম্পাদিত মিল হস্তান্তর চুক্তিদ্বয় (দ্বিপাক্ষিক ও ত্রিপক্ষীয়) এতদ্বারা বাতিল করা হলো। সুলতানা জুট মিলস্ লিঃ, বাশবাড়িয়া, সীতাকুণ্ড, চট্টগ্রাম কারখানাটিসহ উক্ত কোম্পানির যাবতীয় শেয়ার, স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ব সরকার কর্তৃক অদ্য ০৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ/২৩ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ তারিখে পুনঃগ্রহণ (Take Back) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ত সংস্থা বিজেএমসি'র নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রীনা পারভীন**
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd